

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৪৫৮/২০১৩-১২১৭


তারিখ: ২১ আশ্বিন ১৪২৯  
০৬ অক্টোবর ২০২২

বিষয়: **শুনানীতে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোল্লা ট্রাভেলস (হজ লাইসেন্স নং ১০৪৬) এর বিরুদ্ধে জনাব মো: জাহাঙ্গীর আলম কর্তৃক উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ১৮/১০/২০২২খ্রি. তারিখ, মঙ্গলবার সকাল ৯.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমানকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযোগকারীর নাম ও ঠিকানা	অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
জনাব মো: জাহাঙ্গীর আলম	মোল্লা ট্রাভেলস (হজ লাইসেন্স নং ১০৪৬)	অভিযোগকারী বিভিন্ন সময়ে সর্বমোট ২,৬১,০০০/- (দুই লক্ষ একষট্টি হাজার) টাকা তাঁর পরিচালিত এজেন্সিকে প্রদান করেছেন। ২০১৯ সালে রিপ্লেস এর মাধ্যমে অভিযোগকারীকে হজ পালনে সহযোগীতার অঙ্গীকার করেছিলেন। কিন্তু রিপ্লেস করতে পারে নাই বিধায় টাকা ফেরত চাওয়া হলে এজেন্সি তালবাহানা করেছেন। এছাড়া উক্ত এজেন্সি অভিযোগকারীর পাসপোর্ট এবং টাকা আটক রেখেছেন। অভিযোগকারী চিকিৎসার জন্য ভারত যাওয়ার উদ্দেশ্যে পাসপোর্ট এবং টাকার জন্য এজেন্সিকে ফোন দিলে ফোন রিসিভ করেন না। এ ধরনের পরিস্থিতিতে ভারতে উন্নত চিকিৎসার জন্য যাওয়া জরুরী উল্লেখ করে অনতিবিলম্বে তাঁর জমাকৃত ২,৬১,০০০/- (দুই লক্ষ একষট্টি হাজার) টাকা এবং পাসপোর্ট ফেরত পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এ মন্ত্রণালয়ে অভিযোগ দাখিল করেছেন।



এস.এম. মনিরুজ্জামান  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১১১৯

e-mail:morahajsection@gmail.com

জনাব নুরুল ইসলাম

স্বত্বাধিকারী, মোল্লা ট্রাভেলস (হজ লাইসেন্স নং ১০৪৬)


৩৭/২ ফাইনাজ টাওয়ার (৪র্থ তলা), পুরানা পল্টন, ঢাকা।

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৪৫৮/২০১৩-১২১৭

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯  
০৬ অক্টোবর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

- সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
- ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- জনাব মো: জাহাঙ্গীর আলম, মকিমাবাদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
- অফিস কপি



এস.এম. মনিরুজ্জামান  
সিনিয়র সহকারী সচিব